# ALL INDIA RADIO, SILCHAR

*************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 25-04-2024

## *Time: 19:45-19:55 Hrs*

-------------------------------------

(১) দ্বিতীয় পর্যায়ে আগামীকাল রাজ্যের পাঁচটি লোকসভা আসন সহ দেশের ১৩টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মোট ৮৮ টি আসনের জন্য অনুষ্ঠেয় নির্বাচনের জন্য নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা সহ যাবতীয় প্রস্তুতি সম্পূর্ণ/ আগামীকাল সকাল সাতটা থেকে বিকেল পাঁচটা পর্যন্ত ভোটগ্রহণ/

(২) বরাক উপত্যকার দুটি লোকসভা আসন- শিলচর ও করিমগঞ্জে আগামীকাল ভোটগ্রহণ/ এই পর্যায়ে রাজ্যে মোট ৬১ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্দ্ধারণ/

এবং

(৩) চাকমা-হাজংদের অরুণাচল প্রদেশের পরিবর্তে আসামে পুর্নবাসন দেওয়ার খবরের সত্যতা কেন্দ্রীয় মন্ত্রী কিরেন রিজিজুর অস্বীকার/

---------------------------------------------------------------------

দ্বিতীয় পর্যায়ে আগামীকাল রাজ্যের ৫ টি আসনে অনুষ্ঠেয় লোকসভা নির্বাচনের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসনগুলি যাবতীয় প্রস্তুতি সম্পূর্ন করে তুলেছে ।আগামীকাল সকাল ৭ টা থেকে বিকেল পাচটা পর্যন্ত শিলচর

,করিমগঞ্জ ,ডিফু , দরং ওদালগুরি ও নগাও আসনের জন্য ভোট গ্রহণ করা হবে । আসনগুলির অর্ন্তগত জেলাগুলির প্রশাসন তথা নির্বাচন বিভাগগুলি ভোটগ্রহণ প্রক্রিয়া স্বচ্ছ , শান্তিপূর্ন ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য কার্যকরী ব্যবস্থা গ্রহণ করেছে । ভৌটগ্রহণ কেন্দ্রগুলিতে পর্যাপ্ত সুরক্ষা কর্মী নিয়োগ করা সহ স্পর্শকাতর হিসেবে চিহ্নিত ভোট গ্রহণ কেন্দ্রগুলিতে সুরক্ষা ব্যবস্থা জোরদার করে তোলা হয়েছে । এছাড়া প্রতিটি ভোটগ্রহণ কেন্দ্রে ভোটদানের সময় ভোটদাতাদের সুবিধা প্রদানের উদ্দেশ্যে প্রয়োজনীয় সব ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । বিশেষ করে দিব্যাংগ ভোটদাতাদের জন্য রেম্প , প্রসূতি মাতাদের জন্য শিশুকে দুগ্ধপান করানোর জন্য কক্ষের ব্যবস্থা , বিশুদ্ধ পানীয় জল , শৌচাগার , বিদ্যুৎ সরবরাহ সহ সব ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । প্রতিটি ভোটগ্রহণ কেন্দ্রের জন্য নিয়োজিত আধিকারিক কর্মীরা নিজ নিজ কেন্দ্রে ই ভি এম সহ অন্যান্য নির্বাচনী সামগ্রী নিয়ে উপস্থিত হয়েছেন ।

দরং - ওদালগুরি আসনের অর্ন্তগত তামুলপুর ও গোরেশ্বর বিধানসভা আসনের অর্ন্তগত ৪৭০ টি কেন্দ্রে ভোটগ্রহনে নিয়োজিত আধিকারিক কর্মীরা আজ বাক্সা জেলার সদর মুসলপুর থেকে প্রয়োজনীয় সামগ্রী সহ রোয়ানা হন । এই নির্বাচনের জন্য তামুলপুর বিধানসভা আসনে এক হাজার ১৮৪ জন ও গোরেশ্বরে এক হাজার ১৬০ জন সহ মোট দুহাজার ২৪৪ জন প্রিসাইডিং ও পোলিং আধিকারিক নিয়োগ করা হয়েছে । এদিকে নির্বাচন সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য জোরদার নিরাপত্তা ব্যবস্থা গ্রহন করা হয়েছে বলে নির্বাচনী আধিকারিক জানিয়েছেন । একইভাবে নগাও লোকসভা আসনের জন্য ভোটগ্রহণ প্রক্রিয়ায় আধিকারিক কর্মী ,পুলিশ তথা নিরাপত্তারক্ষীরা নিজ নিজ গন্তব্যস্থলে উপস্থিত হয়েছেন ।জেলাটির ২০ টি ভোটগ্রহণ কেন্দ্র সম্পূর্নভাবে মহিলার দ্বারা পরিচালনা করা হবে । ডিফু আসনের অর্ন্তগত হাফলং বিধানসভা আসনের ভোটগ্রহণের জন্য ১৬৮ জন আধিকারিক ইতিমধ্যে নিজ নিজ কেন্দ্রে উপস্থিত হয়েছেন ।

এদিকে আসম পুলিশ সূত্রে স্পর্শকাতর ভোটগ্রহণ কেন্দ্রগুলিতে আধাসামরিক বাহিনীর জোয়ানকে সুরক্ষার দায়িত্ব অর্পন করা হয়েছে বলে জানানো হয়েছে । ৫০ শতাংশের ও অধিক ভোটগ্রহণ কেন্দ্রে ওয়েব

কাস্টিং এর ব্যবস্থা করা হয়েছে ।এছাড়া এই কেন্দ্রগুলিতে মাইক্রো অবর্জারভার নিয়োগ করা হয়েছে । এদিকে নির্বাচনের সময়কালে সীমান্ত অঞ্চলে সুরক্ষার দিকটিতে বিশেষ গুরুত্ব আরোপ করে রাজ্যের আন্ত রাজ্য ও আর্ন্তজাতিক সীমান্তগুলি সিল করে দেওয়া হয়েছে । এই সময়কালে ঐ অঞ্চলগুলিতে জনসাধারণের আসা যাওয়া নিষিদ্ধ করা সহ যেকোনো নাশকতামূলক কার্যকলাপ প্রতিরোধ করার জন্য সতর্ক দৃষ্টি রাখা হয়েছে ।

উল্লেখ্য দ্বিতীয় পর্যায়ের জন্য আগামীকাল আউটার মণিপুর লোকসভা আসনের বাকী অংশ ছাড়া ও ১৩ টি রাজ্য ও কেন্দ্রীয় শাসিত অঞ্চলের ৮৮ টি আসনের জন্য ভোটগ্রহণ করা হবে ।

--------------------------------------------------------------------------------

রাজ্যে আগামীকাল অনুষ্ঠেয় দ্বিতীয় পর্যায়ের লোকসভা নির্বাচনের জন্য ৬১ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন । এরমধ্যে নগাঁও আসনে ১৩ জন, দরং-উদালগুড়ি আসনে ১১জন, ডিফু আসনে পাঁচজন এবং শিলচর আসনে আটজন ও করিমগঞ্জ আসনে ২৪ জন প্রার্থী নির্বাচনী আসরে রয়েছেন । এই পর্যায়ে দরং-উদালগুড়ি আসনে এন ডি এ প্রার্থী ও সাংসদ দিলীপ শইকিয়া, কংগ্রেস প্রার্থী মাধব রাজবংশী ও বিপিএফ প্রার্থী দুর্গাদাস বড়ো প্রতিদ্বন্দিতা করছেন । নগাঁও আসনে বিজেপি মিত্রজোটের প্রার্থী সুরেশ বরা, কংগ্রেস দলের প্রদ্যুৎ বরদলৈ এবং এ আই ইউ ডি এফ'এর  আমিনুল ইসলাম প্রতিদ্বন্দিতা করছেন । তপশিলি উপজাতিদের জন্য সংরক্ষিত ডিফু লোকসভা আসনে বিজেপি মিত্রজোটের প্রাথী অমর সিং টিশো, কংগ্রেসের জয়রাম ইংলেং এবং গণ সুরক্ষা পার্টির জন বার্নার্ড সাংমা প্রতিদ্বন্দিতা করছেন ।

--------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার দুটি লোকসভা আসন- শিলচর ও করিমগঞ্জে আগামীকাল ভোটগ্রহণ করা হবে । শিলচর লোকসভা আসনে মোট আটজন প্রার্থী নির্বাচনী আসরে রয়েছেন । এই আসনে কংগ্রেস প্রার্থী সূর্যকান্ত সরকার, বিজেপি প্রার্থী রাজ্যের মন্ত্রী পরিমল শুক্লবৈদ্য, এস ইউ সি আই (কম্যুনিস্ট) দলের প্রভাস চন্দ্র সরকার, তৃণমূল কংগ্রেসের রাধেশ্যাম বিশ্বাস, বাঙালি নবনির্মাণ সেনার বারীন্দ্র কুমার দাস, বহুজন মহা পার্টির রাজীব দাস, এবং দুই

নির্দল প্রার্থী রাজু দাস ও অনন্ত মোহন রায় । আগামীকাল শিলচর লোকসভা কেন্দ্রের মোট ১৩ লক্ষ ৬৯ হাজার ৫৭৮ জন ভোটদাতা এই আটজন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্দ্ধারণ করবেন । এবারে কাছাড় জেলায় এক হাজার ৫৫১ টি ভোটগ্রহণ কেন্দ্র স্থাপন করা হয়েছে । এরমধ্যে মহিলা পরিচালিত ভোটকেন্দ্রের সংখ্যা হচ্ছে- ২১০ । এই নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য পর্যাপ্ত নিরাপত্তা বাহিনী মোতায়েন করা হয়েছে । আসাম পুলিশ ছাড়াও ষোল কোম্পানি কেন্দ্রীয় বাহিনীকেও এই কাজে নিয়োজিত করা হয়েছে । স্পর্শকাতর এবং অতি স্পর্শকাতর ভোটকেন্দ্রগুলিতে কেন্দ্রীয় নিরাপত্তা বাহিনীর জওয়ানদের মোতায়েন করা হচ্ছে । কাছাড় জেলায় ৭৮ টি কেন্দ্রকে স্পর্শকাতর হিসেবে চিহ্নিত করা হয়েছে। এদিকে গতকাল থেকেই ভোটকর্মীরা নিজ নিজ গন্তব্যস্থলে রওয়ানা হতে শুরু করেছেন । বিশেষ করে দুর্গম ও প্রত্যন্ত অঞ্চলের ভোটকেন্দ্রগুলিতে ভোটকর্মীদের গতকালই রওয়ানা করে দেওয়া হয় । জেলা আয়ুক্ত ও শিলচর লোকসভা কেন্দ্রের রিটার্নিং অফিসার রোহন কুমার ঝা জানিয়েছেন যে- জেলায় মোট সাত হাজার দুশো জন কর্মচারীকে ভোটগ্রহণের কাজে নিয়োজিত করা হয়েছে । এরমধ্যে এক হাজার একশো জন মহিলা ভোটকর্মী রয়েছেন । উল্লেখ্য- শিলচর আসনে এবারে পুরুষ ভোটারের সংখ্যা হচ্ছে- ছ'লক্ষ ৮৩ হাজার ৮৬০ এবং মহিলা ভোটারের সংখ্যা হচ্ছে- ছ'লক্ষ ৮৫ হাজার ৬৯৪ । এছাড়া তৃতীয় লিঙ্গের ২৪ জন ভোটদাতা রয়েছেন । ভোটকর্মীদের সুবিধার্থে মোট ১২৯ টি সেক্টর, চারটি সাব সেক্টর ও ২৬ টি জোনে ভাগ করা হয়েছে। এরমধ্যে ১৬টি আদর্শ ভোটকেন্দ্র ও ৮৫২ টি ওয়েব কাস্টিং ভোটকেন্দ্র স্থাপন করা হয়েছে ।

এদিকে করিমগঞ্জ লোকসভা আসনে মোট ২৪ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন । এই আসনে আগামীকাল যাদের রাজনৈতিক ভাগ্য নির্দ্ধারিত হবে তারা হচ্ছেন- এ আই ইউ ডি এফ এর সাহাবুল ইসলাম চৌধুরী, বিজেপির কৃপানাথ মালাহ্, ভারতীয় জাতীয় কংগ্রেসের হাফিজ রশিদ আহমেদ চৌধুরী, এস ইউ সি আই (কম্যুনিস্ট) দলের প্রজ্জ্বল সুদীপ দেব, রাষ্ট্রীয় উলামা কাউন্সিল'এর আহাদ উদ্দিন এবং ১৯ জন নির্দল প্রার্থী। নির্দল প্রার্থীরা হচ্ছেন- দিলীপ কুমার, বিনয় কৃষ্ণ রায়, আব্দুল গফফর তালুকদার, আব্দুল

হামিদ, রকিবুল হোসেইন চৌধুরী, সফিকুর রহমান হাজারি, গোপাল চন্দ্র পাল, রশিদ আহমেদ চৌধুরী, সাহেল আহমেদ, আব্দুস সুবহান তাপাদার, আব্দুল বাসিত তাপাদার, দেবাশিস ঘোষ, আব্দুল কালাম মজুমদার, দেবজ্যোতি নাথ, জীবেশ দেব, রশিদ আহমেদ লস্কর, মোহম্মদ নজরুল ইসলাম লস্কর, আলিম উদ্দিন মজুমদার এবং মুজাক্কির হাসান লস্কর ।

করিমগঞ্জ লোকসভা আসনে এবার ১৪ লক্ষ ১২ হাজার ২৩৯ জন ভোটদাতা তাদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করবেন। এই আসনের অন্তর্গত হাইলাকান্দি জেলায় মোট ৬০২টি ভোটকেন্দ্র রয়েছে । এই জেলায় মোট চার লক্ষ ৭৬ হাজার ৩৩৫ জন ভোটদাতা রয়েছেন । আজ হাইলাকান্দি শহরের ভিক্টোরিয়া মেমোরিয়্যাল উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় থেকে ভোটসামগ্রী ই ভি এম ইত্যাদি নিয়ে ভোটকর্মীরা নিজ নিজ কেন্দ্র পৌছাচ্ছেন । এই জেলার ১৬২ টি ভোটকেন্দ্রকে ক্রিটিক্যাল ভোটকেন্দ্র হিসেবে চিহ্নিত করা হয়েছে । এছাড়া এই আসনের অন্তর্গত করিমগঞ্জ জেলায় মোট ভোটদাতার সংখ্যা হচ্ছে- ন'লক্ষ ৩৫ হাজার ৯০৪ । এরমধ্যে চার লক্ষ ৭৫ হাজার ৩৯৪ জন পুরুষ এবং চার লক্ষ ৬০ হাজার ৪৯৯ জন মহিলা । এছাড়া ১১ জন তৃতীয় লিঙ্গের ভোটদাতা রয়েছেন । জেলার এক হাজার ৫৮ টি ভোটকেন্দ্রে আগামীকাল ভোট নেওয়া হবে । এরমধ্যে ৯৪ টি ভোটকেন্দ্রকে ক্রিটিক্যাল ভোটকেন্দ্র হিসেবে চিহ্নিত করা হয়েছে । জেলার সাতটি জোনের ৮১টি সেক্টরে মোট ৫ হাজার ৭২ জন ভোটকর্মীকে ভোটগ্রহণের কাজে নিয়োজিত করা হয়েছে। জেলার ১১ টি কেন্দ্রকে আদর্শ ভোটকেন্দ্র, ৫৮১টি কেন্দ্রকে ওয়েব কাস্টিং ভোটকেন্দ্র এবং এগারোটি মহিলা পরিচালিত ভোটকেন্দ্র স্থাপন করা হয়েছে ।

---

শিলচর -লামডিং রেল পথের জাটিঙ্গা লামপুরে আজ দুপুরে মালবাহী ট্রেন লাইনচ্যুত হওয়ার ফলে যাত্রীবাহী ট্রেন পরিষেবা ব্যহত হয়েছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে লাইনচ্যুত স্থানে ট্রেনের লাইন মেরামতির জন্য রেলের উচ্চপদস্থ আধিকারীকরা ইতিমধ্যে ঘটনাস্থলে পৌছে গেছেন । খুব শীঘ্রই ট্রেন পরিষেবা পুনরায় চালু হবে বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------

কাছাড় জেলা এইডস নিয়ন্ত্রন সমিতির উদ্যোগে আজ শিলচরে এইচ আই ভি / এইডস নিয়ে একটি সচেতনতা র‍্যালী ও সভা অনুষ্ঠিত হয়েছে । শিলচর গুরুচরন কলেজ সংলগ্ন এন সি সি কার্য্যলয় প্রাঙ্গন থেকে র‍্যালিটি বের হয়ে শহর পরিক্রমা করে । পরে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে জেলা এইডস নিয়ন্ত্রন সমিতির পক্ষ থেকে ডক্টর রত্না চক্রবর্তী জানান যে এইডস নিয়ে সচেতনতা বৃদ্ধি করতে যুব সম্প্রদায় সহ এন সি সি ক্যাডেটদের বিশেষ ভূমিকা রয়েছে ।

---------------------------------------------------------------------------

ভারতীয় কৃষক শ্রমিক মহাসমিতির কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে বড়খলা ও উধারবন্দ বিধানসভা কেন্দ্রের সোনাছড়া , চলতাছড়া , রংপুর , সাবাসপুর গ্রামে সম্প্রতি ঘূর্নিঝড়ে যেভাবে মানুষের বসতবাড়ী সহ ক্ষেতের শাক-সবজী ভূপতিত করেছে , সেবিষয়ে সরজোমিনে তদন্ত করে জরুরীকালীন ভিত্তিতে ক্ষতিপূরন প্রদানের দাবী জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------